103

দৈনিক জনকণ্ঠ

তারিখ 17 OCT 1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

# খুলনার মেয়েরা শীর্ষে

অমল সাহা, খুলনা অফিস

যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি '৯৫-এর পরীক্ষায় বিজ্ঞানে মেয়েদের মেধা তালিকায় খুলনার মেয়েরা শীর্ষে রয়েছে। ১০টি আসনের মধ্যে প্রথম ৬টিই দখল করে নিয়েছে তারা। বাকি ৪টির একটি যশোর, একটি বাগেরহাট ও দু'টি আসন বরিশালের মেয়েরা লাভ করেছে।

প্রকাশিত ফলে দেখা যায়, বিজ্ঞান, কৃষিবিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি বিভাগের সম্মিলিতভাবে মেয়েদের মধ্যে প্রথম হয়েছে দৌলতপুর সরকারী বিএল কলেজের ছাত্রী এরিন সুলতানা। চার বিষয়ে লেটার মার্কসহ সে ৯০৬ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে খুলনা সরকারী মহিলা কলেজের ছাত্রী ফারজানা ইয়াসমিন। সে তিন বিষয়ে লেটারসহ ৮৯৪ নম্বর পেয়েছে। সরকারী বিএল কলেজের ছাত্রী রুমা পারভীন ৪ বিষয়ে লেটারসহ ৮৮১ নম্বর পেয়ে তিনি তৃতীয় স্থান লাভ করেন। চতুর্থ হয়েছেন সনজিদা হুদা। সে ৪টি লেটারসহ ৮৭০ নম্বর পেয়েছে। ৫ম স্থান লাভ করেছে মোসাম্মৎ ফারজানা রুম্মানা যুথী। সে ৪ বিষয়ে লেটারসহ পেয়েছে ৮৬০ নম্বর। ৩ বিষয়ে লেটারসহ ৮৫৯ নম্বর পেয়ে সাবরিনা সারমিন লিমা ৬ষ্ঠ স্থান লাভ করে। শেষোক্ত তিন জনই সরকারী মহিলা কলেজের ছাত্রী।

সম্মিলিত মেয়েদের মেধা তালিকায় ৭ম, ৮ম, ৯ম ও ১০ম স্থান লাভ করেছে যথাক্রমে যশোর ক্যান্টনমেন্ট কলেজের ছাত্রী নিগার সুলতানা, বাগেরহাটের মোড়েলগঞ্জ এসএম কলেজের ছাত্রী কাজী নূর জাহান, বরিশাল সরকারী মহিলা কলেজের ছাত্রী তানিয়া আফরোজ ও একই কলেজের ছাত্রী মাকসুদা বেগম। ২ বিষয়ে লেটারসহ ৮৫৩ নম্বর পেয়েছে নিগার সুলতানা, তিন বিষয়ে লেটারসহ ৮৪৮ পেয়েছে নূরজাহান, ২ বিষয়ে লেটারসহ ৮২৮ পেয়েছে তানিয়া এবং ৪ বিষয়ে লেটার মার্কসহ ৮২৬ নম্বর পেয়েছে মাকসুদা বেগম।